# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৫৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

## আরবী

عَن سَالم عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَخَذَ مِنَ الْأَرْضِ شَيْئًا بِغَيْرِ حَقِّهِ خُسِفَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ إِلَى سبع أَرضين» . رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

২৯৫৮-[২১] সালিম (রহঃ) তাঁর পিতা [’আব্দুল্লাহ ইবনু ’উমার (রাঃ)] হতে বর্ণনা করেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে অন্যায়ভাবে কারো কিছু জমিন নিয়েছে, কিয়ামতের দিন তাকে সাত তবক জমিন পর্যন্ত ধসিয়ে দেয়া হবে। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৪৫৪, সহীহ আল জামি‘ ৫৯৮৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَوْمَ الْقِيَامَةِ إِلٰى سَبْعِ أَرْضِيْنَ) এতে ঘোষণা রয়েছে যে, পরকালেও জমিন সাতটি থাকবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদীস হতে আরও বুঝা যায়, অন্যায়ভাবে কারো জমিন দখল করা কবীরা গুনাহের অন্তর্ভুক্ত। এ পাপের কারণে পাপী ব্যক্তিকে কিয়ামতের দিন জমিনে ধসিয়ে দেয়া হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সালিম ইবনু ‘আবদুল্লাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68285

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন